

ব্যাংক আমানত বীমা আইন, ২০০০

(২০০০ সনের ১৮ নং আইন)

**Bank Deposit Insurance Ordinance, ১৯৮৪ রহিত করিয়া কতিপয় সংশোধনীসহ উহা
পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন।**

যেহেতু Bank Deposit Insurance Ordinance, 1984 (LIII of 1984) রহিত করিয়া কতিপয়
সংশোধনীসহ উহা পুনঃপ্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন ব্যাংক আমানত বীমা আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “আমানত” অর্থ কোন তফসিলি ব্যাংক এর তেগত্রে, উহার আমানতকারীর
(depositors) হিসাবের অপরিশোধিত অবশিষ্টের সমষ্টি;

(খ) “ট্রাস্টি বোর্ড” অর্থ ধারা ৮ এ উল্লিখিত তহবিলের ট্রাস্টি বোর্ড;

(গ) “তফসিলি ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of
1972) এর Article 2(j) এ সংজ্ঞায়িত Scheduled Bank;

(ঘ) “তহবিল” অর্থ ধারা ৩ এর অধীন সংরক্ষিত ট্রাস্ট তহবিল;

(ঙ) “নিরীক্ষক” অর্থ The Chartered Accountants Order, 1973 ((P.O. No. 2 of
1973) এর Article 2(1)(b) তে সংজ্ঞায়িত chartered accountant;

(চ) “প্রিমিয়াম” অর্থ ধারা ৫ এর অধীন বীমাকৃত ব্যাংক কর্তৃক প্রদেয় প্রিমিয়াম;

(ছ) “বাংলাদেশ ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of
1972) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ব্যাংক;

(জ) “বীমা” অর্থ আমানত বীমা;

(ঝ) “বীমাকৃত ব্যাংক” অর্থ এই আইনের অধীন বীমাকৃত ব্যাংক।

আমানত বীমা ট্রাস্ট তহবিল

৩। (১) বাংলাদেশ ব্যাংক আমানত বীমা ট্রাস্ট তহবিল নামে একটি তহবিল সংরক্ষণ করিবে এবং এই তহবিলের অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত কোন খাতে বিনিয়োগ করা যাইবে।

(২) তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-

(ক) বীমাকৃত ব্যাংক হইতে প্রাপ্ত অর্থ;

(খ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত আয়;

(গ) ধারা ৭ এর অধীন অবসায়িত ব্যাংক হইতে প্রাপ্ত অর্থ;

(ঘ) অন্য কোন উত্স হইতে প্রাপ্ত আয়।

(৩) তহবিলের অর্থ ধারা ৭ এর বিধান মোতাবেক অবসায়িত ব্যাংকের আমানতকারীর পাওনা পরিশোধ এবং এই তহবিল রক্ষণাবেক্ষণের খরচ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা যাইবে না।

(৪) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর কোন কিছুই তহবিল এর আয়ের তেগত্রে প্রযোজ্য হইবে না।

বীমাকৃত ব্যাংক

৪। আপাততঃ বলবত্ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন,-

(ক) এই আইন প্রবর্তনের তারিখে বিদ্যমান প্রত্যেক তফসিলি ব্যাংক উক্ত তারিখ হইতে তহবিল এর সহিত বীমাকৃত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) এই আইন প্রবর্তনের পর প্রতিষ্ঠিত প্রত্যেক তফসিলি ব্যাংক তহবিল এর সহিত বীমাকৃত হইবে।

বীমাকৃত ব্যাংক এর প্রিমিয়াম

৫। (১) প্রত্যেক বীমাকৃত ব্যাংক উহার আমানতের ঐ অংশের উপর প্রতি বৎসর শতকরা সাত পয়সা হারে তহবিলে প্রিমিয়াম প্রদান করিবে যাহা বাংলাদেশ ব্যাংক সময় সময় নির্ধারণ করিবে:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশ ব্যাংক, সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রিমিয়ামের হার কম বেশী করিতে পারিবে।

(২) বীমাকৃত ব্যাংক উহার ব্যয় খাত হইতে প্রিমিয়াম পরিশোধ করিবে।

(৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময় ও পদ্ধতিতে প্রিমিয়াম পরিশোধ করিতে হইবে।

(৪) বীমাকৃত কোন ব্যাংক প্রিমিয়াম প্রদানে ব্যর্থ হইলে বাংলাদেশ ব্যাংক উহার নিকট রতিগত উক্ত ব্যাংক এর হিসাব হইতে সমপরিমাণ অর্থ উক্ত ব্যাংকের